" বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

আদেশ নং- ৪৭.৬১.০০০০.৩৪৪.২৫.৫১৩.২০- ৬০/১(৮) তারিখঃ- ১০-০১-২০২২ খ্রি.।

বিষয়ঃ " Advanced Computer Application " বিষয়ক প্রশিক্ষণ কোর্সের মনোনয়ন প্রদান সংক্রান্ত ।

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লায় সমবায় অধিদপ্তরের জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে আগামী ২৩.০১.২০২২খ্রি. হতে ২৭.০১.২০২২ খ্রি. পর্যন্ত ০৫(পাঁচ) দিন ব্যাপী রাজস্ব বাজেটের অর্থায়নে " Advanced Computer Application " বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত কোটা অনুযায়ী তাঁর বিভাগ হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান পূর্বক প্রশিক্ষণে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

ক্রঃনং	বিভাগের নাম	পদবী	প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা
০১	ঢাকা	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০৫
০২	চট্টগ্রাম	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০৫
০৩	রাজশাহী	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০৪
০৪	খুলনা	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০৩
০৫	সিলেট	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০২
০৬	রংপুর	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০২
০৭	বরিশাল	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০২
০৮	ময়মনসিংহ	জেলা অডিটর ও পরিদর্শক পর্যায়ের কর্মকর্তা	০২
		মোট	২৫ জন

উল্লেখ্য যে,

০১। কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষনার্থীগণকে আগামী ২২.০১.২০২২ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৭.০০ টার মধ্যে বাংলাদেশ সমবায় একাডেমি হোস্টেলের অভ্যর্থনা কক্ষে রিপোর্ট করতে হবে।

০২। প্রশিক্ষণকালীন কোন ছুটি গ্রহণযোগ্য নয়।

০৩। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতিরেকে মনোনীত প্রশিক্ষণার্থী যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। একই প্রকারের প্রশিক্ষন কোর্সে একই কর্মকর্তা/কর্মচারীকে একই অর্থবছরে একাধিক বার মনোনয়ন দেয়া যাবে না এবং যে সকল কর্মকর্তা/ কর্মচারীর চাকুরী ৩ বছরের কম রয়েছে তাদের মনোনয়ন না দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৫। বর্তমান বৈশ্বিক মহামারি করোনার প্রাদুর্ভাবের কারনে প্রশিক্ষণার্থী কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি মেনে চলে প্রশিক্ষণ গ্রহণ করার লক্ষ্যে মাস্ক, হ্যান্ডগ্লাবস, হ্যান্ড সেনিটাইজারসহ ব্যক্তিগত স্বাস্থ্যসুরক্ষা সামগ্রী সঙ্গে নিয়ে আসতে হবে।

০৬। প্রশিক্ষনার্থী মনোনয়ন প্রদান করে মনোনয়নের কপি বাংলাদেশ সমবায় একাডেমির ই-মেইলে আগামী ১৮/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বা/- (অঞ্জন কুমার সরকার)
অধ্যক্ষ
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।
ফোনঃ-০৮১-৭৬০১৭
E-mail:bcacomilla@gmail.com

প্রতি,
যুগ্ম-নিবন্ধক,
বিভাগীয় সমবায় দপ্তর,
ঢাকা /চট্টগ্রাম /রাজশাহী/খুলনা/সিলেট /রংপুর/বরিশাল/ময়মনসিংহ

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৩৪৪.২৫.৫১৩.২০- ৬০/১(১৫) তারিখঃ- ১০-০১-২০২২ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হ'ল।

০১। জনাব .....বাংলাদেশ সমবায় একাডেমি ও কোর্স পরিচালক, তাঁকে প্রশিক্ষণার্থী উপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট জেলায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০২। জনাব .....প্রভাষক//হোস্টেল সুপার/গবেষণা সহকারী/সহকারী অধ্যাপক/অধ্যাপক,বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।

০৩। উপাধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।

০৪। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা। (বিষয়টি বার্ডের প্রধান ফটকে অবহিত করার জন্য সদয় অনুরোধ করা হ'ল।)

০৫। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।

০৬। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য। দৃষ্টি আকর্ষণ ঃ যুগ্ম নিবন্ধক,(প্রশাসন/ ইপিপি)।

১০/০১/২২
(জ্ঞানেন্দু বিকাশ চাকমা)
অধ্যাপক (প্রশিক্ষণ)
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

H:\NOMI (1)\NOMI (1)\ADVANCE COMPUTER APPLICATION COURSE.DOCX

Scanned with CamScanner